



২৮ মার্চ ২০১৬

### প্রেসবিজ্ঞপ্তি

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের জনেক ছাত্রী ধর্ষণ ও হত্যা পরবর্তী ছবি প্রকাশ ও পরিবারের সদস্যদের বাড়ি থেকে তুলে এনে দফায় দফায় জিজ্ঞাসাবাদের নামে হয়রানি করায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং নারীপক্ষ গভীর উদ্দেগ প্রকাশ করছে ও দোষীদের আইনের আওতায় আনার দাবী করছে।

গত ২০ মার্চ ২০১৬ কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী ধর্ষণ ও হত্যার ঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছে এবং ঘটনার কার্যকর সুষ্ঠু তদন্তসহ দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে নারীপক্ষ ও বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। পাশাপাশি জনেক সেনাসদস্য কর্তৃক গভীর রাতে তার পরিবারের সদস্যদের বাড়ি থেকে তুলে এনে দফায় দফায় জিজ্ঞাসাবাদের ঘটনায় আমরা গভীর উদ্দেগ প্রকাশ করছে।

বিভিন্ন সংবাদ মাধ্যম সূত্রে জানা যায় যে, গত ২০ মার্চ ২০১৬ কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনুকে ধর্ষণ ও হত্যা করা হয়। পরবর্তীতে অনলাইন নিউজ পোর্টালসহ বিভিন্ন প্রচারমাধ্যমে বিভিন্ন ছবিসহ খবরটি প্রচারিত হবার পর এ বিষয়ে বিভিন্ন মহলে প্রতিবাদের বাড় উঠে। বিষয়টি নিয়ে বাংলাদেশের সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রধানতম সাইট ফেইসবুকসহ বিভিন্ন সাইটে পোস্ট দেয়া হচ্ছে। কিন্তু উদ্দেগের বিষয় এই যে, বিভিন্ন নাম ও ছবি দিয়ে নির্যাতন ও হত্যার শিকার ছাত্রী সম্পর্কে কিছু বিতর্কিত পোস্ট দেয়া হচ্ছে যা জনমনে বিতর্ক ও বিভ্রান্তি ছড়াচ্ছে। উল্লেখ্য যে, সংবাদ মাধ্যমে সংক্ষুল্ব ব্যক্তিদের পরিচয় প্রকাশ সংক্রান্ত বিভিন্ন আইনসমূহ বাংলাদেশে বিদ্যমান রয়েছে যার মধ্যে নারী ও নির্যাতন দমন আইন ২০০০-ধারা ১৪ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ এবং সাক্ষ্য আইন ১৮৭২-ধারা ১৫১ ও ১৫২; বাংলাদেশ সংবিধান-অনুচ্ছেদ ৩১; মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ এর ধারা ২৫ ও ৩৪ (৩); দত্তবিধি ১৮৬০- ধারা ৫০৯; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬-ধারা ৫৭ প্রেস কাউন্সিল আইন ১৯৭৪- ধারা ১১(২) (খ), জাতীয় সম্প্রচার নীতিমালা ২০১৪- বিধি ৩.৬.৬ ও ৫.১.৩ (প্রকাশ ২০১৪) এর নিষেধাজ্ঞা বা বিধিনিমেধ রয়েছে। কিন্তু সকল নিয়মের ব্যাতয় ঘটিয়ে প্রিস্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া সহ বিভিন্ন যোগাযোগ মাধ্যমে তার পরিচয়, ছবি ও মানহানিকর বক্তব্য প্রকাশ করছে।

ব্লাস্ট এই ধর্ষণ ও হত্যার ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে, ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দোষী ব্যক্তিদের চিহ্নিত করে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি ব্লাস্ট ভিক্টিমের পরিচয় প্রকাশ, মানহানিকর বক্তব্য প্রদান থেকে সকল সংবাদ ও যোগাযোগ মাধ্যমের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে বিরত থাকার জন্য অনুরোধ জানাচ্ছে এবং এ ধরনের কার্যক্রম বাস্তে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জোর দাবী জানাচ্ছে।

একের পর এক নারী নির্যাতনের ঘটনা শুধুমাত্র ক্ষতিগ্রস্থ পরিবারগুলোকে ভীতসন্ত্রস্ত করছে না বরং গোটা দেশের নারী সমাজ আতঙ্কগ্রস্ত হয়ে পরছে। আমরা এর বিহীত চাই।

ব্লাস্ট ও নারীপক্ষের পক্ষ হতে বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট  
মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩